যুগান্তর

তারিখ: 03 AUG 2016
পৃষ্ঠা ...2... কলাম ...8...

# ঢাবিতে ছাত্রদলের বিক্ষোভ : আটক ৩

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

বিদেশে অর্থ পাচার মামলায় বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানের বিরুদ্ধে উচ্চ আদালতের দেয়া রায়ের প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় বিক্ষোভ করেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল। পূর্বঘোষিত দু'দিনের কর্মসূচির দ্বিতীয় দিনে ছাত্রদলের তিন নেতাকে আটক করেছে পুলিশ।

আটককৃত ছাত্রদল নেতারা হলেন ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুজ্জামান, কবি জসিম উদ্দিন হল ছাত্রদলের দুই যুগ্ম আহ্বায়ক অলিউর রহমান জনি এবং রোবাইয়াত শাহ নেওয়াজ। মঙ্গলবার সকালে রাজধানীর কাঁটাবন এলাকায় বিক্ষোভ মিছিলের প্রস্তুতিকালে তাদের আটক করে নিউ মার্কেট থানা পুলিশ।